



ইজ্জামি/পরি/ফা.পা.প/১ম,২য় ও ৬য় অংশ/২০১৮/১৭৬


তারিখ: ১৩/০৮/২০১৮

বিজ্ঞপ্তি

ফাজিল (স্নাতক) পাস পরীক্ষা - ২০১৮

ভারপ্রাপ্ত কর্মকর্তা ও কক্ষ পরিদর্শকদের জন্য অতীব জরুরী কিছু দিক নির্দেশনা

- ফাজিল (স্নাতক) পাস পরীক্ষার জন্য ফাজিল (স্নাতক) পাস পরীক্ষার অলিখিত উত্তরপত্র, ফাজিল (অনার্স) এবং কামিল পরীক্ষার জন্য ফাজিল (অনার্স) এবং কামিল পরীক্ষার অলিখিত উত্তরপত্র এবং কামিল মাস্টার্স (এক বছর মেয়াদী) পরীক্ষার জন্য কামিল মাস্টার্স (এক বছর মেয়াদী) পরীক্ষার অলিখিত উত্তরপত্র পরীক্ষার্থীদের নিকট সরবরাহ করতে হবে। এবং পরীক্ষার্থীদের নিকট অলিখিত উত্তরপত্র সরবরাহ করার পর অলিখিত উত্তরপত্রটি সংশ্লিষ্ট পরীক্ষার কিনা তা সঠিকভাবে যাচাই করে নিতে হবে। এক পরীক্ষার অলিখিত উত্তরপত্র অন্য পরীক্ষায় কোন ক্রমেই সরবরাহ করা যাবে না।
- E Type OMR এর উপরে পরীক্ষার্থীর অংশে পরীক্ষার্থী রেজি: নম্বর সঠিক ঘরে লিখবে এবং সঠিক বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করবে, কোন অবস্থায় জেল পেন বা অন্য বর্ণের কালি ব্যবহার করা যাবে না। বৃত্ত ভরাটে কোন পরীক্ষার্থী যেন ভুল না করে এ বিষয়ে কক্ষ পরিদর্শক পরীক্ষার্থীদেরকে বারবার গুরুত্বের সাথে সতর্ক করবেন এবং পরীক্ষার্থীর অংশে পরীক্ষার্থীর কোন ভুল থাকা সত্ত্বেও যদি কক্ষ পরিদর্শক সঠিকভাবে যাচাই না করে স্বাক্ষর করেন তবে তার দায়ভার কক্ষ পরিদর্শককে নিতে হবে।
- E Type OMR এর উপরে কক্ষ পরিদর্শকের জন্য নির্ধারিত স্বাক্ষর ও তারিখ লেখার বক্স রয়েছে। কক্ষ পরিদর্শক নির্ধারিত বক্সের ভিতরে স্বাক্ষর করবেন এবং তারিখ লিখবেন। কোন অবস্থায় যেন তা বক্সের বাইরে না যায় সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে।
- OMR এর পরীক্ষার্থীর অংশ, ১ম পরীক্ষকের অংশ, ২য় পরীক্ষকের অংশ এবং উত্তরপত্রের অংশের লিখো কোড এবং QR কোড কোন অবস্থায় ঘসামাজা, বক্স ও বৃত্ত ভরাট করা এবং এতে কোন প্রকার দাগও দেয়া যাবে না। যদি কেহ এমনটি করে তবে তার দায়ভার সংশ্লিষ্ট পরীক্ষার্থী, কেন্দ্রের কক্ষ পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নিতে হবে।
- লিখো কোড নির্দিষ্ট স্থান থেকে সরে গেছে এমন অলিখিত উত্তরপত্র পরীক্ষার্থীদের কোন ক্রমেই সরবরাহ করা যাবে না।
- স্বাক্ষরলিপি পরীক্ষার্থীর পরীক্ষায় অংশগ্রহণের একটি নির্ভরযোগ্য দলিল, এজন্য স্বাক্ষরলিপিতে কক্ষ পরিদর্শককে নিজ হাতে E Type OMR এর সিরিয়াল নম্বর সতর্কতার সহিত লিখতে হবে। তারিখ এবং পরীক্ষার্থীর স্বাক্ষর আছে কিনা তা গুরুত্ব সহকারে যাচাই করে স্বাক্ষর করতে হবে।


১৩/০৮/১৮
(মো: আবদুল খালেক)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়